বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক,
নাসিরাবাদ,চট্টগ্রাম।

বিটিবি/স/ভূমি/৪জি-৯/৭২-৬৬(৩) তারিখঃ ১৬/১০/২০১৬

বিষয়ঃ চা বাগানের জমির ইজারা মূল্য পরিশোধ প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চা বাগানের জমির "ইজারা মূল্যের" পরিবর্তে "ভূমি উন্নয়ন কর" পুনঃ প্রবর্তন প্রসঙ্গে স্মারক নং ৯৫৯/৩৭৩ এর ৩১/১২/২০১৫ তারিখে সচিব, বাংলাদেশীয় চা সংসদ এর সকল সদস্য বাগানকে পত্র দেওয়া হয় যার ছায়ালিপি ইজারা মূল্য পরিশোধ না করার কারন হিসেবে বিভিন্ন চা বাগান কর্তৃপক্ষ অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

০২। উক্ত পত্রে উল্লেখ রয়েছে যে, গত ০৫/০৩/২০১৫ তারিখে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ভূ:ম:/শা-৮/চা বাগান-৬০/২০১১-১৬৬ এর মাধ্যমে সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত লীজ মানি আদায় না করার জন্য স্থগিতাদেশ জারি করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক চট্টগ্রাম,সিলেট,মৌলভীবাজার ও হবিগঞ্জকে আদেশ দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সচিব, বাংলাদেশীয় চা সংসদের সকল বাগান মালিককে জমির ইজারা মূল্য পরিশোধ বিষয়ে নিরুৎসাহিত করে পত্র দেন।

০৩। বিগত ৩০/০৪/২০১৫ তারিখে স্মারক নং- ভূ:ম:/শা-৮/চা বাগান-৬০/২০১১-৩১২ এর পত্রের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ের ০৫/০৩/২০১৫ তারিখে ১৬৬ নং স্মারকের স্থগিতাদেশ প্রত্যাহার করা হয়। কিন্তু লীজ মানি আদায় বিষয়ে স্থগিতাদেশ প্রত্যাহারের বিষয়টি বাংলাদেশ চা সংসদ এর সদস্যদের অবহিত করে নাই।

০৪। উল্লেখ্য যে, বাংলাদেশ চা সংসদ কর্তৃক এর সদস্য বাগানকে ইজারা মূল্য পরিশোধ না করার আদেশ বিষয়ক উক্ত পত্রের অনুলিপি বাংলাদেশ চা বোর্ডে ও প্রেরণ করা হয় নাই। অত্র বোর্ডকে অবহিত না করে বাংলাদেশীয় চা সংসদ কর্তৃক এর সদস্য বাগান সমূহের স্পর্শকাতর বিষয়ে সিদ্ধান্ত প্রদান না করাই শ্রেয়।

এমতাবস্থায়, চা সংসদের সকল সদস্যকে ইজারা মূল্য আদায় বিষয়ক ভূমি মন্ত্রণালয়ের স্থগিতাদেশ প্রত্যাহারের ছায়ালিপি সংযুক্ত করে পত্র দিয়ে চা বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনা মতে(১পাতা)

১৬/১০/১৬

(মোহাম্মদ নূরুল্লাহ নূরী)
সচিব
বাংলাদেশ চা বোর্ড,চট্টগ্রাম
ফোন: ৩০১-৬৮২০৯৬
ইমেইল: Secreterybtb1@gmail.com

সচিব
বাংলাদেশীয় চা সংসদ
হাউজ নং-৪৬০, রোড নং-৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

অনুলিপিঃ
০১। জেলা প্রশাসক-চট্টগ্রাম/সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার।
০২। পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল,মৌলভীবাজার।
০৩। পি এ টু চেয়ারম্যান (বিষয়টি চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। পি এ টু সদস্য, গবেষণা ও উন্নয়ন (বিষয়টি সদস্য মহোদয়োর সদয় অবগতির জন্য)
০৫। ~~ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক ডারবান বাগান এন্ড টি লিঃ, ...চা বাগান~~ জেমস ফিনলে, এম এম-ইস্পাহানী, এম মোহাম্মদ টি এন্ড ল্যান্ডস কোং লিঃ, ব্লাক লোছড়া টি কোং লিঃ, লেঙ্গুরা লিঃ, ডেভিড টি কোম্পানী লিঃ, কেদারপুর টি কোং লিঃ।